

## আন-নিসা | An-Nisa | النِّسَاء

আয়াতঃ ৪ : ৫৩

আরবি মূল আয়াত:

أَمْ لَهُمْ نَصِيبٌ مِّنَ الْمُلْكِ فَإِذَا لَا يُؤْتُونَ النَّاسَ نَقِيرًا ﴿٥٣﴾

অনুবাদসমূহ:

তবে কি তাদের জন্য রাজত্বে কোন অংশ আছে? তাহলে তখনতো তারা মানুষকে খেজুরবীচির উপরের আবরণ পরিমাণও কিছু দেবে না। — আল-বায়ান

তাদের কি শাসন ক্ষমতায় কোন অংশ আছে? তা থাকলে তারা লোকদেরকে তিল পরিমাণও দিত না। — তাইসিরুল

তাহলে কি রাজত্বে তাদের কোন অংশ রয়েছে? বস্তুতঃ তখন তারা লোকদেরকে কণা পরিমাণও প্রদান করবেনা। — মুজিবুর রহমান

Or have they a share of dominion? Then [if that were so], they would not give the people [even as much as] the speck on a date seed. — Sahih International

৫৩. তবে কি রাজশক্তিতে তাদের কোন অংশ আছে? সে ক্ষেত্রেও তো তারা কাউকে এক কপর্কও দেবে না(১)।

(১) ইবনে আব্বাস বলেন, খেজুরের দানার উপরে বিন্দুর মত যে ছিদ্র থাকে তাকেই আরবীতে **نَقِير** নাকীর' বলা হয়। [তাবারী] মোটকথা: সামান্যতম জিনিস বোঝানোর জন্যই এ শব্দটি ব্যবহার করা হয়েছে।

তাকসীরে জাকারিয়া

(৫৩) তবে কি (আল্লাহর) রাজ্যে তাদের কোন অংশ আছে? (যদি থাকত) তাহলে তো তারা লোককে (খেজুরের আঁটির পিঠে) বিন্দু পরিমাণও দান করত না। [1]

[1] এখানে জিজ্ঞাসাসূচক বাক্যটি অস্বীকৃতিসূচক। অর্থাৎ, তাঁর রাজ্যে তাদের কোন অংশ নেই। এতে তাদের কোন অংশ থাকলে এই ইয়াহুদীরা এত কৃপণ কেন যে, তারা মানুষকে বিশেষ করে মুহাম্মাদ (সাঃ)-কে একটি 'নাকীর' পরিমাণও কিছু দেয় না। আর **نَقِير**(নাকীর) বলা হয় খেজুরের আঁটির পিঠের বিন্দুকে। (ইবনে কাসীর)

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন